

Advertisement

MERLIN
avana
A whole new expanse

RESORT LIKE
Lifestyle
Residences for nature lovers

আনন্দবাজার পত্রিকা অনলাইন

২২ জানুয়ারি ২০২৪


প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

Anandabazar / Employment / Jadavpur University will recruit for the post of JRF dgtl

JU Recruitment 2024

জেআরএফ নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়, কোন বিভাগে?

প্রার্থীর বয়স ২৮ বছরের মধ্যে হওয়া প্রয়োজন। সংরক্ষিত বিভাগের প্রার্থীদের জন্য বয়সের ছাড় রয়েছে।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ১১ জানুয়ারি ২০২৪ ১৫:৩০

Share:   Save: 

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রয়েছে গবেষণা সংক্রান্ত কাজের সুযোগ। সেই মর্মে প্রতিষ্ঠানের তরফে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

জুনিয়র রিসার্চ ফেলো (জেআরএফ) নেওয়া হবে। বিশ্ববিদ্যালয়ের তরফে রসায়ন বিভাগে প্রকাশিত হয়েছে বিজ্ঞপ্তিটি। বিশেষ প্রজেক্টে কাজের জন্য একজন জেআরএফ নেওয়া হবে। প্রথমে মেয়াদ হবে এক বছর। পরে প্রয়োজন অনুযায়ী মেয়াদ বাড়তে পারে। প্রতি মাসে ৩১ হাজার টাকা ফেলোশিপ দেওয়া হবে। আবেদনের জন্য যে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে রসায়ন/ পদার্থবিদ্যা স্নাতকোত্তর হতে হবে। প্র্যাজুয়েট অ্যাপ্টিটিউট টেস্ট/ ন্যাশনাল এলিজিবিলিটি টেস্টে উত্তীর্ণ হওয়া দরকার। প্রার্থীর বয়স ২৮ বছরের মধ্যে হওয়া প্রয়োজন। সংরক্ষিত বিভাগের প্রার্থীদের জন্য বয়সের ছাড় রয়েছে। বাকি প্রয়োজনীয় যোগ্যতা জানতে মূল বিজ্ঞপ্তিটি দেখতে পারেন।

আরও পড়ুন:

আনন্দবাজার পরিণাম অনলাইন

২৩ হাজার টাকা বেতনে কাজের সুযোগ রয়েছে পশ্চিম মেদিনীপুর জেলায়, কোন পদে নিয়োগ?


আনন্দবাজার পরিণাম অনলাইন

স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ায় কর্মখালি, কোন পদে নিয়োগ? বেতনই বা কত?

আনন্দবাজার পরিণাম অনলাইন

গোয়েন্দা গল্প পড়তে ভালবাসেন? এই বিষয়ে কোর্স করাচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

Advertisement



Why Is Digital Marketing A Good Career Option - Right Job Fit

Recommended by @ | i

নিয়োগ করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে তার আগে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করা দরকার। তার জন্য প্রার্থীকে প্রথমে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে যেতে হবে। 'হোমপেজ' থেকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে যাওয়া প্রয়োজন। বিজ্ঞপ্তিতে দেওয়া আইডিতে আবেদনপত্র এবং প্রয়োজনীয় নথি মেল করতে হবে। আবেদনপত্রের মূল্য হিসাবে ৫০ টাকা ধার্য করা হয়েছে। ১৭ জানুয়ারি আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন।

এই সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং শর্তাবলি জানতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটটি দেখতে পারেন।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

টাকা TALK

সেভিংস থেকে ইনভেস্টমেন্ট

লাভ হবে না
লোকসান?

₹

উত্তর একটাই **বিশদে জানুন**